



সৌদিতে পররাষ্ট্র উপদেষ্টার সঙ্গে পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক



সংগৃহীত ছবি

সৌদি আরবের জেদ্দায় বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা মো. তোহিদ হোসেনের সঙ্গে পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দারের দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

রোববার (১১ জানুয়ারি) ওআইসির জরুরি পররাষ্ট্রমন্ত্রী সভার বিরতিতে এই আলোচনা হয়।

পাকিস্তানের পররাষ্ট্র দপ্তর জানায়, আলোচনায় দুই দেশ তাদের পারস্পরিক সম্পর্ক নিয়ে ইতিবাচক অবস্থান প্রকাশ করেছে। পাশাপাশি বাণিজ্যিক যোগাযোগ বাড়ানো, শিক্ষা বিনিময় ও উচ্চপর্যায়ের সফর নিয়মিত করার বিষয়ে গুরুত্ব দেওয়া হয়। আঞ্চলিক পরিস্থিতি এবং বৈশ্বিক বিভিন্ন ইস্যুও আলোচনায় আসে।

এর আগেও গত ৪ জানুয়ারি দুই পক্ষের মধ্যে টেলিফোনে যোগাযোগ হয়েছিল বলে জানানো হয়েছে।

LENS ASIA